

এবং প্রান্তিক

A Peer-Reviewed Multi-Disciplinary Academic Journal

SJIF Approved Impact Factor : 7.16

Vol. 9th Issue 19th, Jan., 2022

দ,

য়)

সম্পাদক

আশিস রায়



এবং প্রান্তিক

চণ্ডিবেড়িয়া, সারদাপল্লী, পোঃ - কেঁটপুর, কলকাতা - ৭০০১০২

Ebong Prantik

A Peer-Reviewed Multi-Disciplinary Academic Journal

SJIF Approved Impact Factor : 7.16

[ISSN : 2582-3841(O), 2348-487X(P)],

*Published & Edited by Dr. Ashis Roy, Chandiberiya,
Saradapalli, Kestopur, Kolkata - 700102, and*

*Printed by Ananya, Burobattala, Sonarpur, Kolkata - 150,
Vol. 9th Issue 19th, 10th Jan. 2022, Rs. 750/-*

E-mail : ebongprantik@gmail.com

Website : www.ebongprantik.in

প্রকাশ

৯ ম বর্ষ ও ১৯ তম সংখ্যা

১০ জানুয়ারি, ২০২২

ISSN : 2582-3841 (Online)

2348-487X (Print)

DOI : 10.5281/zenodo.5845085

কপিরাইট

সম্পাদক, এবং প্রান্তিক

প্রকাশক

এবং প্রান্তিক

আশিস রায়

রেজিস্টার্ড অফিস

চণ্ডিবেড়িয়া, সারদাপল্লী, পোঃ - কেষ্টপুর, কলকাতা - ৭০০ ১০২

ফোন - ৯৮০৪৯২৩১৮২

সার্বিক সহায়তা - সৌরভ বর্মন

ফোন - ৮২৫০৫৯৫৬৪৭

মুদ্রণ

অনন্যা

বুড়ো বটতলা, সোনারপুর, কলকাতা - ৭০০ ১৫০

ফোন - ৯১৬৩৯৩১৪৬৫

মূল্য : ৭৫০ টাকা

সূচিপত্র

অমিয়ভূষণের 'দুখিয়ার কুঠি' : সম্পর্কের বহুমাত্রিকতা উর্বা মুখোপাধ্যায়	১৫
টলস্টয় ও রবীন্দ্রনাথ : প্রেক্ষিত জাতীয়তা ও আন্তর্জাতিকতা অজয় কুমার দাস	২২
'স্বাধীনতা-পরবর্তী বাংলা প্রেমের কবিতা' শর্মিষ্ঠা সিন্ধা	৩৮
'জতুগৃহ' : একটি নৃশংস গণহত্যা রচনা রায়	৫৭
চলমান সময়ের প্রেক্ষিতে রবীন্দ্রনাথের শিশু-কিশোর চরিত্র ও শিক্ষাভাবনার প্রাসঙ্গিকতা আব্দুল্লা মোল্লা	৬৫
অদ্বৈত মল্লবর্মণের 'শাদা হাওয়া': একটি পর্যালোচনা স্বরূপ হালদার	৭২
বাংলা উপন্যাসের ইতিবৃত্তে নতুন দিগন্ত : প্রসঙ্গ সন্তোষ করের 'মুক্তামাছ' অনির্বাণ সাহু	৭৬
প্রাবন্ধিক আনিসুজ্জামানের মনস্থিতায়, মাঙ্গলিক চেতনায়-মুসলিম মানস দর্শন ও বাংলা সাহিত্যে তার সাঙ্গীকরণ আর্পিতা দাস	৮৬
গল্পকার আশুতোষ মুখোপাধ্যায়ের গল্প : কিছু কথা বিশ্বজিৎ পোদ্দার	৯৪
বিভূতিভূষণ মুখোপাধ্যায়ের গল্প: একটি নাতিদীর্ঘ আলোচনা হেনা বিশ্বাস	১০২
"অভিজ্ঞানশকুন্তলম্" ও প্রকৃতি শেফালী মণ্ডল	১১০
বাংলা গোয়েন্দা কাহিনির চলচ্চিত্রায়ণে ব্যোমকেশ-ভাষ্য : একটি পর্যালোচনা পঙ্কজ কুমার মণ্ডল	১১৬
"তরুণ বৎসরের ফুল, পরিণত বৎসরের ফল": অরণ্যদুহিতার অভিজ্ঞান দীপক নন্দী	১২২

অমিয়ভূষণের 'দুখিয়ার কুঠি' : সম্পর্কের বহুমাত্রিকতা

উর্ষী মুখোপাধ্যায়

সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়

সংক্ষিপ্তসার : দুখিয়ার কুঠি উপন্যাসে উঠে এসেছে উত্তরবঙ্গের প্রান্তীয় আদিবাসী জনগোষ্ঠীর জীবন কাহিনি। সভ্যতার অনুপ্রবেশ কীভাবে তাদের শান্ত নিস্তরঙ্গ জীবনকে ব্যতিব্যস্ত করে তুলেছিল এবং কীভাবে নানাবিধ সম্পর্কের জটিলতা উপন্যাসের চরিত্রদের জীবনকে বিভ্রান্ত করে তুলেছিল, তারই আলেখ্য এই উপন্যাস। আমরা এই প্রবন্ধে সম্পর্কের সেই বহুমাত্রিকতাকে তুলে ধরার এবং তাঁর কারণ বিশ্লেষণের চেষ্টা করেছি।

শব্দ সূচক : সভ্যতা, অগ্রগতি, পিতৃপরিচয়ের অনুসন্ধান, আত্মদ্বন্দ্ব

অমিয়ভূষণ মজুমদার উত্তরবঙ্গের গ্রামবাংলার অরণ্য, প্রকৃতি তথা প্রান্তীয় আদিবাসী মানুষের নিকটজন হয়ে উঠতে চেয়েছেন। 'দুখিয়ার কুঠি'র মতো 'মহিষকুড়ার উপকথা', 'বিনদনি', 'মাকচক হরিণ' উপন্যাসগুলো তারই সাক্ষ্য বহন করছে। ঔপন্যাসিক হিসেবে প্রথাগত পথে না হেঁটে তিনি যখন 'দুখিয়ার কুঠি'-তে এক বিকল্প নির্মাণের প্রস্তাবনাকে তুলে ধরেন, তখন পাঠকের সামনে উন্মোচিত হয় উপন্যাসের এক ভিন্ন রূপ। অমিয়ভূষণ তাঁর ইতিহাস-চেতনাকে নিয়ত নির্মাণ-বিনির্মাণ করেছেন। উপন্যাসের সূচনায় বর্ণিত দুখিয়ার কুঠির প্রাচীন লোকায়ত ইতিহাস তাঁর রচনার আধার হয়ে উঠেছে।

অমিয়ভূষণ মজুমদার তাঁর উপন্যাসের চরিত্র নির্মাণে বিশেষ মনোযোগী ছিলেন। তাঁর একাধিক উপন্যাসে নারী পুরুষের সম্পর্কের এক ভিন্নতর উপস্থাপন লক্ষ করা যায়। সম্পর্কের ভেতরের জটিলতাকে তিনি নানাবিধ মোড়কে আখ্যানে প্রকাশ করতে ভালোবাসতেন এবং পরতে পরতে তার খোলস উন্মোচন করার প্রতি তাঁর তীব্র আগ্রহ আখ্যানের কাহিনি বিন্যাসে ধরা পড়ত। তাঁর তৈরি চরিত্রেরা অনেকেই যেন নিয়তি তাড়িত। সময় পরিবেশ পরিস্থিতি যেন তাদের চালিত করছে প্রতিনিয়ত। আপাত দৃষ্টিতে এইসব বিন্যাসকে স্বাভাবিক মনে না হলেও, তাকে 'অস্বাভাবিক' বলা যাবে কিনা এটা অবশ্যই আলোচনা সাপেক্ষ।

দুখিয়ার কুঠি যেন 'সভ্যতা' নামক চোরাবালিতে চিরতরে বিলীন হয়ে যাওয়া নিয়তি তাড়িত এক আদিবাসী যুবকের জীবন বৃত্তান্ত। পিতৃ-পরিচয়হীন আদিবাসী কৌম সমাজের প্রতিভূ মাতালুর কাছে তথাকথিত আধুনিকতা কোনও সদর্থক ভূমিকা নিয়ে হাজির হতে পারেনি। "তুই ফান্দৎ পড়ছিস রে মাতালু, রুদ্ধার নাই" - মাতালুকে উদ্দেশ্য করে বলা বন্ধু কাঁকরুর কথাটি প্রাথমিকভাবে পরিহাসস্বরূপ মনে হলেও